

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালকের কার্যালয়  
ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট (ভিটিআই)  
ময়মনসিংহ

স্মারক নং-৩৩.০১০৬১০০.৪০১.৭৬.০৭৬.২৪- ৪৬

তারিখ: ০৫/০২/২০২৪খ্রি.

০৫/০২/২০২৪খ্রি: তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : ড. মোহাম্মদ জাকির হোসেন  
পরিচালক, ভিটিআই, ময়মনসিংহ  
সময় : সকাল-১১ ঘটিকা  
স্থান : সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক”

অদ্য ০৫/০২/২০২৪ খ্রি: তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় ভিটিআই, ময়মনসিংহের সম্মেলন কক্ষে পরিচালক ড. মোহাম্মদ জাকির হোসেন এর সভাপতিত্বে নির্ধারিত মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক” এ প্রদর্শিত হলো। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য সহযোগী অধ্যাপক ডাঃ পারভীন সুলতানা কে দায়িত্ব প্রদান করেন এবং সহযোগী অধ্যাপক ডাঃ পারভীন সুলতানা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার আলোচনা শুরু করেন। তিনি একে একে সভার সকল আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন এবং সভার আলোচ্য বিষয় নিয়ে আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়, আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ-

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১।	সেমিনার এর শিরোনাম, বিষয় ও রিসোর্স পার্সন নির্বাচন প্রসঙ্গে	সেমিনারের সময়, শিরোনাম ও রিসোর্স পার্সন নির্বাচন, কর্মকর্তাদের মনোনয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনার প্রেক্ষিতে ১। Clinical investigation and diagnosis of currently circulating transboundary animal diseases in Bangladesh এবং ২। Using Ultrasound Technology in Reproduction Management Decision, Estrus Synchronization & Embryo Transfer (ET) on Dairy Animal in Bangladesh শিরোনামে ১২/০২/২০২৪ খ্রি. তারিখে ড. রোখসানা পারভীন, প্রফেসর, প্যাথলজি বিভাগ, ভেটেরিনারি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এবং ড. মোহাম্মদ হারুন-অর-রশিদ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গৌরিপুর, ময়মনসিংহ মহোদয় কে সেমিনারের রিসোর্স পার্সন হিসেবে মনোনীত করা হয়। সেমিনারে অংশ গ্রহণকারী হিসেবে ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট, ময়মনসিংহের সকল কর্মকর্তাসহ ময়মনসিংহ বিভাগের মোট ৩০ (ত্রিশ) জন কর্মকর্তাকে সেমিনারে অংশ গ্রহণের জন্য তালিকা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	চারজন কর্মকর্তা ও দুইজন কর্মচারীকে সম্মাননা প্রদান বিষয়ক	বিগত অর্থ বছরের সার্বিক মূল্যায়নে চারজন কর্মকর্তা ও দুইজন কর্মচারীকে সম্মাননা প্রদান করার ব্যাপারে আলোচনা হয়।	আলোচনার প্রেক্ষিতে সার্বিক মূল্যায়নে কর্মকর্তাদের মধ্যে ডাঃ মোহাম্মদ মনিরুজ্জামান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীড/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভপদ) প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। সংযুক্তিঃ ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট, ময়মনসিংহ। ডাঃ উম্মে ছালিমা সুমা, উপজেলা